



বাংলাদেশের পাশে থাকার অঙ্গীকার পুনর্ব্যক্ত জাতিসংঘ মহাসচিবের



ছবি: সংগৃহীত

বাংলাদেশের প্রতি অব্যাহত সমর্থন ও সংহতির কথা আবারও তুলে ধরেছেন আন্তোনিও গুতেরেস।

শুক্রবার (২৭ মার্চ) নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তর-এ বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে বৈঠকে তিনি এ অবস্থান পুনর্ব্যক্ত করেন।

বৈঠকে বাংলাদেশের নতুন সরকারের প্রতি শুভেচ্ছা জানিয়ে মহাসচিব বলেন, বাস্তবায়িত রোহিঙ্গা জনগোষ্ঠীকে আশ্রয় দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশের মানবিক ভূমিকা আন্তর্জাতিক পরিসরে প্রশংসনীয় উদাহরণ হয়ে আছে।

আলোচনায় বৈশ্বিক নানা ইস্যুও উঠে আসে। বিশেষ করে তেল সংকট এবং এর প্রভাবে উন্নয়নশীল দেশগুলোর ওপর বাড়তি চাপের বিষয়টি তুলে ধরেন পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, অর্থনৈতিক ঝুঁকিতে থাকা দেশগুলোকে এই পরিস্থিতিতে অতিরিক্ত চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে।

বৈঠকের একপর্যায়ে প্রধানমন্ত্রীর পক্ষ থেকে মহাসচিবকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানানো হয়। আমন্ত্রণটি সানন্দে গ্রহণ করে কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি।

শেষে, বৈশ্বিক সংকট মোকাবিলা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যে বাংলাদেশ ও জাতিসংঘের পারস্পরিক সহযোগিতা আরও জোরদার করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্তের মধ্য দিয়ে বৈঠকটি শেষ হয়।